

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৮৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

بَابُ جَامِعِ الدُّعَاءِ

## আরবী

وَعَنْ عَلِيّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «قُلْ اللَّهُمَّ اهْدِنِي وَسَدِّدْنِي وَاذْكُرْ بِالْهُدَى هِدَايَتَكَ الطَّرِيقَ وبالسداد سداد السهْم». رَوَاهُ مُسلم

#### বাংলা

২৪৮৫-[8] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তুমি (দু'আ) বল,

''আল্ল-হুম্মাহদিনী ওয়া সাদ্দিদনী ওয়াযকুর বিলহুদা- হিদা-য়াতাকাত্ব ত্বরীকা ওয়াবিস্ সাদা-দি সাদা-দাস্ সাহমি''

(অর্থাৎ- 'হে আল্লাহ! আমাকে হিদায়াতের পথ দেখাও এবং আমাকে সরল-সোজা রাখো।' আর 'হিদায়াত' বলতে মনে করবে তুমি আল্লাহর পথ, আর 'সোজা' বলতে খেয়াল করবে তীরের মতো সোজা।)। (মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৭২৫, আহমাদ ১৩২১, সহীহ আল জামি' ৪৪০১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: "হে আল্লাহ! তুমি আমাকে হিদায়াত দান করো" এর অর্থ হলো কল্যাণকর কাজে আমাকে পথ দেখাও। এর অর্থ এও হতে পারে সিরাতে মুস্তাকীম-এর দিকে হিদায়াতের উপর আমাকে দৃঢ় রাখো অথবা আমাকে কামালিয়্যাত তথা পূর্ণ মু'মিন হওয়ার পথে অতিরিক্ত যোগ্যতা ও গুণাবলী দান করো।

"আমাকে সোজা রাখো" এর অর্থ হলো আমার সকল কর্মে দৃঢ়তার সাথে সঠিক পথ অবলম্বনকারী বানাও। ইমাম ত্বীবী (রহঃ) বলেন, এর মধ্যেই আল্লাহর ঐ কথার অর্থ পাওয়া যায় যেখানে আল্লাহ বলেছেন, فَاسْتَقِمْ كَمَا أُمِرْت



অর্থাৎ- "সুতরাং তুমি যেভাবে আদিষ্ট হয়েছ তাতে স্থির থাকো"- (সূরা হূদ ১১ : ১১২)।

আল্লাহ তা'আলা অন্যত্র বলেন, اهْدِنَا الْصِرَاطَ الْمُسْتَقِيمُ ''আমাদেরকে সরল পথ প্রদর্শন করো''- (সূরা আল ফাতিহাহ্ ১ : ৫)। অর্থাৎ- আমাকে এমন হিদায়াত দান করো যাতে করে আমি বাড়াবাড়ি বা সীমালজ্যন এবং অতিরিক্ত শৈথিল্য বা অলসতা এ দু'টির কোনটির দিকে ঝুঁকে না পড়ি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন